রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৪, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১০ই বৈশাখ ১৪০৩ বাং/২৩শে এপ্রিল ১৯৯৬ ইং

এস, আর, ও নং ৫৮-আইন/৯৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত বিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে; নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা অধস্তন নির্বাহী গেজেটেড ও নন-গেজেটেড পদ কালেক্টরেট অব কাস্টমস, এক্সাইজ এণ্ড ভ্যাট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;



মূল্য ঃ টাকা ৩.০০

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(জ) "বিভাগীয় পদোন্নতি পরীক্ষা" অর্থ বিধি ৫(৩) এর অধীনে অনুষ্ঠিত পদোন্নতি পরীক্ষা।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষ (Local Authority) এর চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে পদোন্নতির ক্ষেত্রে কমিশনের সুপারিশের ভিত্তিতে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) পরিদর্শক পদে পদোন্নতির ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড বা তৎকর্তৃক নির্ধারিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নির্ধারিত পাঠক্রমের ভিত্তিতে গৃহীত পদোন্নতি পরীক্ষায় পাস না করিলে কোন ব্যক্তিকে উক্ত পদে নিয়োগ করা যাইবে না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে নিম্নবর্ণিত মেয়াদের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য:

তবে শর্ত থাকে, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত মেয়াদ এইরূপে সম্প্রসারণ করিতে পারে যাহাতে এক বা একাধিকবারে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে, শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিলনা তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—(১) ইতিপূর্বে জারীকৃত কোন আদেশ বা প্রজ্ঞাপনে যাহা কিছুই থাকুক না কেন, ২৫-৪-৯২ ইং তারিখে যে সকল ব্যক্তি সুপারিনটেনডেন্ট এবং পরিদর্শক পদে যথাক্রমে ২য় শ্রেণীর কর্মকর্তা ও ৩য় শ্রেণীর কর্মচারী হিসাবে প্রচলিত নিয়োগবিধি অনুসারে নিয়োজিত ছিলেন, তাহারা এই বিধিমালা সরকারী গেজেটে জারীর পর তফসিলের ১ ও ২ নং ক্রমিকে উল্লিখিত পদে যথাক্রমে ১ম শ্রেণীর কর্মকর্তা ও ২য় শ্রেণীর কর্মকর্তা হিসাবে ২৫-৪-৯২ ইং তারিখে উন্নীত হইয়াছেন বলিয়া গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে উক্তরূপে উন্নীত কর্মকর্তাগণ গেজেট জারীর পর হইতে সরকার কর্তৃক নির্ধারিত বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি পাওয়ার অধিকারী হইবেন।

(২) এই বিধিমালা জারীর পর উক্ত পদ দুইটিতে কোন শূন্যতা থাকিলে বা কোন কারণে শূন্যতার সৃষ্টি হইলে, এইরূপ শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে তফসিলের ক্রমিক নং ১ ও ২ এর সংশ্লিষ্ট বিধানাবলী অনুসরণ করা হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এতদ্বারা The subordinate Executive posts (collectorate of Customs and Excise) Recruitment Rules, 1985 রহিত করা হইল।

(২) উক্ত Rules রহিতকরণ সত্ত্বেও এই বিধিমালা প্রবর্তনের পূর্বে যদি রহিত বিধিমালার অধীন কোন নিয়োগ সংক্রান্ত কোন কার্যক্রম নিষ্পন্নাধীন থাকে তবে উহা এইরূপ নিষ্পন্ন করা হইবে যেন, উক্ত Rules রহিত করা হয় নাই।

## তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | সুপারিনটেনডেন্ট | অনূর্ধ ৩০ বৎসর, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য। | পরিদর্শক পদ হইতে পদোন্নতির মাধ্যমে | কলাম ৪-এ উল্লিখিত ফিডার পদে ন্যূনতম ৭ (সাত) বৎসর চাকুরী। |
| ২। | পরিদর্শক | অনূর্ধ ৩০ বৎসর | (ক) ৩৫% পদ কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট কালেক্টরেট এবং পরিদর্শন ও প্রশিক্ষণ (কাষ্টমস এণ্ড এক্সাইজ) পরিদপ্তরের অফিস সুপারিনটেনডেন্ট, প্রধান সহকারী গাঁটনি পরকার, উচ্চমান সহকারী ক্যাশিয়ার, গাঁট-মুদ্রাক্ষরিক ও নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং | পদোন্নতির জন্য : (১) কলাম ৪ এর (ক) অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রে—<br>(ক) বিধি ৫(৩) এ উল্লিখিত বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় পাস করিতে হইবে ;<br>(খ) অফিস সুপার, প্রধান সহকারী, গাঁটনি পরকার, উচ্চমান সহকারী, ক্যাশিয়ারগণের ক্ষেত্রে, উক্ত এক বা একাধিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী ;<br>(গ) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদধারীর ক্ষেত্রে উক্ত পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৫% পদ সাব-ইন্সপেক্টর ও সিপাইদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে; | (২) কলাম ৪ এ (খ) অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রে—<br>(ক) বিধি ৫(৩) এ উল্লেখিত বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় পাস করিতে হইবে;<br>(খ) সাব-ইন্সপেক্টর পদধারীর ক্ষেত্রে, উক্ত পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(গ) সিপাই পদধারীর ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ উক্ত পদে ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| | | | (গ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য: (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(২) উচ্চতা: ৫′-৪″ পুরুষ, ৫′-২″ মহিলা বুকের মাপ: ৩০″-৩২″ (উভয় ক্ষেত্রে)। |
| ৩। | সাব-ইন্সপেক্টর | .. | সিপাইদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | সিপাই পদে ৫ (পাঁচ) বৎসর চাকুরী। |
| ৪। | সিপাই | | (ক) ২০% সংশ্লিষ্ট কালেক্টরেটের অধীনস্থ সকল ৪র্থ শ্রেণীর কর্মচারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; | পদোন্নতির জন্য: (১) কলাম ৪ এ উল্লেখিত ফিডার পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর চাকুরী; এবং |

| | | |
|---|---|---|
| | | (২) উচ্চতা : ৫'-৪" পুরুষ, ৫'-২" মহিলা, বুকের মাপ : ৩০"-৩২" (উভয় ক্ষেত্রে)। |
| অনূর্ধ ৩০ বৎসর | (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য : (১) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ; এবং<br>(২) উচ্চতা : ৫'-৪" পুরুষ, ৫'-২" মহিলা, বুকের মাপ : ৩০"-৩২" (উভয় ক্ষেত্রে)। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ সা'দত হুসাইন
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।